

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি কলেজ-৬ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৮৮.০০১.১৯.৮৩

তারিখ: ১২ শ্রাবণ ১৪২৭  
২৭ জুলাই ২০২০

বিষয়: **ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলাধীন মিঞা জিন্নাহ আলম ডিগ্রী কলেজ সরকারিকরণের বিষয়ে মতামত।**

সূত্র: ১। প্রধানমন্ত্রীর কার্যালয় এর স্মারক নং-০৩.০৭৪.৩৭.০৪৮.০০.০০১.২০১৯-৫৭৯ তারিখ: ২৩/১২/২০১৯

২। জেলা প্রশাসকের কার্যালয় এর স্মারক নং -০৫.৪৪.৪৪০০.০২০.১০.০০১.১৬.৯১ তারিখ: ২৭.০২.২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয় ও ১ নং সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলাধীন "মিঞা জিন্নাহ আলম ডিগ্রী কলেজ" সরকারিকরণের বিষয়ে জেলা প্রশাসক ঝিনাইদহ-এর মতামত চাওয়া হলে ২ নং সূত্রোক্ত স্মারকে জেলা প্রশাসক, ঝিনাইদহ মতামত প্রদান করেন।

২. জেলা প্রশাসক, ঝিনাইদহ মতামতে উল্লেখ করেন যে, ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলাধীন মিঞা জিন্নাহ আলম ডিগ্রী কলেজ'টি ১৯৯৩ সনে প্রতিষ্ঠিত হয়। বর্তমানে উক্ত কলেজে ডিগ্রী (পাস) ছাড়াও উচ্চ মাধ্যমিক ব্যবসায় ব্যবস্থাপনা (বিএম) শাখাসহ কম্পিউটার অপারেশন ও হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ট্রেড ২টি চালু আছে। প্রতিষ্ঠানটিতে বর্তমান ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১০০১ জন; ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১০৮৬ জন এবং ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১২৬৬ জন ছাত্র-ছাত্রী অধ্যয়নরত রয়েছে। প্রতিষ্ঠানটির নিজস্ব জমির পরিমাণ ২ একর ৯২ শতাংশ। ঝিনাইদহ জেলায় ০১ (এক)টি ক্যাডেট কলেজ, ০৮ (আট)টি সরকারি কলেজ এবং ৬৬ (ষেষটি) টি বেসরকারি কলেজ আছে। তন্মধ্যে শৈলকুপা উপজেলায় ০১ (এক)টি সরকারি কলেজ এবং ১৪(চৌদ্দ)টি বেসরকারি কলেজ রয়েছে। জেলা প্রশাসক, ঝিনাইদহ 'মিঞা জিন্নাহ আলম ডিগ্রী কলেজ' সরকারিকরণের জন্য সুপারিশ করেছেন (বিস্তারিত প্রতিবেদন সংযুক্ত)।

৩. মহোদয়ের সদয় অবগতির জন্য আরো জানানো যাচ্ছে যে, ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলার আরো একটি কলেজ "বঞ্জবন্ধু মেমোরিয়াল কলেজ" সরকারিকরণের বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের গত ১২/১/২০২০ খ্রিঃ তারিখের ০৩.০৭৪.৩৭.০৪৮.০০.০০৩(অংশ-২).২০১৯-১৬ নং স্মারকে এ বিভাগের মতামত চাওয়া হয়েছে। তৎপ্রেক্ষিতে জেলা প্রশাসকের মতামত চাওয়া হয়েছে, যা এখনো পাওয়া যায়নি।

৪. বিষয়টি মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ২৩ ফর্দ।

সচিব  
প্রধানমন্ত্রীর কার্যালয়

২৭-৭-২০২০

মোঃ নূর-ই-আলম

উপসচিব

ফোন: ৯৫৭৭৪২৫

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৮৮.০০১.১৯.৮৩/১(৫)

তারিখ: ১২ শ্রাবণ ১৪২৭  
২৭ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

২৭-৭-২০২০

মোঃ নূর-ই-আলম  
উপসচিব